

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
Website: www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.০৬.০১৮.১৩- ১০৯


তারিখ-১৫/০৯/২০১৩ খ্রিঃ।

বিষয় : “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০১৩” উদযাপন উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ অক্টোবর, ২০১৩ তারিখ, রোববার এ “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০১৩” উদযাপন উপলক্ষ্যে দেশব্যাপী শিশু চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এ বছর এ দিবসের প্রতিপাদ্য হচ্ছে “প্রতিবন্ধীদের সাথে রাখব, দুর্যোগ সহনশীল দেশ গড়ব” এই প্রতিযোগিতা আপনার জেলায় আপনার সার্বিক তত্ত্বাবধানে নিম্নোক্তভাবে আয়োজনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো :

১. প্রতিযোগিতা উপজেলা, সিটি কর্পোরেশন ও জেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য প্রতিযোগিতার মধ্য হতে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ০৩(তিন)টি ছবি নির্বাচন করে জেলা কমিটির কাছে পাঠাবে। উপজেলা হতে প্রাপ্ত ছবিগুলোর মধ্যে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ০১(এক)টি ছবি নির্বাচন করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে পাঠাবে। অনুরূপভাবে সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে এবং নির্বাচিত ০১(এক)টি ছবি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে পাঠাবে। প্রতিযোগিতার চিত্রটি সত্যায়িত করে প্রতিযোগিতার সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জীবন বৃত্তান্তসহ সরাসরি পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রতিযোগিতার জন্য গঠিত নির্বাচক কমিটির মাধ্যমে জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রাপ্তদের নির্বাচন করবে। পুরস্কার প্রাপ্তরা অনুষ্ঠানের দিন, ১৩ অক্টোবর, ২০১৩, রোববার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার ও সার্টিফিকেট গ্রহণ করবেন। কেন্দ্রীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্তদের যাতায়াত ও সম্মানী ভাতা প্রদান করা হবে।
২. জেলা, উপজেলা ও সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি জেলা, উপজেলা ও সিটি কর্পোরেশন পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার ও সার্টিফিকেট প্রদান এর ব্যবস্থা করবেন। প্রয়োজনে এনজিওদের নিকট থেকে এ বিষয়ে সহায়তা নেয়া যেতে পারে।

উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি আগামী ২৫/০৯/২০১৩ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে নির্বাচিত ছবিসমূহ জেলায় এবং আগামী ০২/১০/২০১৩ তারিখের মধ্যে জেলা ও সিটি কর্পোরেশন পর্যায়ে নির্বাচিত ০১টি করে ছবি সরাসরি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে কোন স্পষ্টিকরণের প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারী অথবা পরিচালক (প্রশাসন) টেলিফোন-৯৮৯২৩৯৮ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ আবদুল ওয়াজেদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন-৯৮৪১৫৮১
E-mail: dg@ddm.gov.bd

বিতরণ : (প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা,
- ০২। জেলা প্রশাসক,
- ০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা তাঁকে পত্রের অনুলিপি জেলাধীন সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পিআইওদের নিকট প্রেরণ নিশ্চিত করতে এবং এ বিষয়ে জেলার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালনের জন্য বলা হল।
- ০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা,
- ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,

অনুলিপি (জ্ঞাতার্থে) :

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ০৩। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


১৫.০৯.১৩
(মোঃ সামিউর রহমান)
(যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশাসন)
ফোন-৯৮৯২৩৯৮

E-mail: dadmin@ddm.gov.bd